

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪১২

পরিচ্ছেদঃ যবানের হিফাযত।

باب مَا جَاءَ فِي حِفْظِ اللِّسَانِ

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدِ الأَشَجُّ، حَدَّثَنَا أَبُو خَالِدِ الأَحْمَرُ، عَنِ ابْنِ عَجْلاَنَ، عَنْ أَبِي حَازِمٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ وَقَاهُ اللَّهُ شَرَّ مَا بَيْنَ لَحْيَيْهِ وَشَرَّ مَا بَيْنَ رَجْلَيْهِ دَخَلَ الْجَنَّة ". قَالَ أَبُو عِيسَى أَبُو حَازِمٍ الَّذِي رَوَى عَنْ أَبِي هُرَيْرَةَ وَشَرَّ مَا بَيْنَ رِجْلَيْهِ دَخَلَ الْجَنَّة ". قَالَ أَبُو عِيسَى أَبُو حَازِمٍ الَّذِي رَوَى عَنْ أَبِي هُرَيْرَةَ اسْمُهُ سَلْمَانُ مَوْلَى عَزَّةَ الأَشْجَعِيَّةِ وَهُو كُوفِيُّ وَأَبُو حَازِمٍ الَّذِي رَوَى عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ هُو أَبُو حَازِمٍ النَّذِي رَوَى عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ هُو أَبُو حَازِمٍ النَّاهِدُ مَدَنِيُّ وَاسْمُهُ سَلَمَةُ بْنُ دِينَارٍ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ .

বাংলা

২৪১২. আবূ সাঈদ আশাজ্জ (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দুই চোয়ালের মাঝে যা আছে এবং দুই পা-এর মাঝে যা আছে তার মন্দ কাজ থেকে আল্লাহ যাকে রক্ষা করেছেন সে জান্নাতে প্রবেশ করবে। হাসান, সহিহাহ ৫১০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪০৯ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। সাহল ইবন সা'দ রাদিয়াল্লাহু আনহু থেকে যে আবূ হাযিম (রহঃ) হাদীস রিওয়ায়াত করেন তিনি হলেন আবূ হাযিম যাহিদ মাদীনী। তার নাম হল সালামা ইবন দীনার। আর যে আবূ হাযিম (রহঃ) হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে রিওয়ায়াত করেন তার নাম হল সালমান আশজাঈ, আযযা আল-আশজা ইয়ায়-এর আযাদকৃত গোলাম, ইনি কুফার আদিবাসী।

English

Abu Hurairah narrated that the Messenger of Allah (s.a.w) said: "For whomever Allah protects against the evil of what is between his jaws and the evil of what is between his legs, he shall enter Paradise."



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

𝚱 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37766

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন